সিলেট বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ওরিয়েন্ট কোম্পানি লি.-এর ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ছিল নিম্নরূপ:

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব	৮৫,০০০	
নিস্কর প্রিমিসেস	৩,১৮,০০০	
শেয়ার মূলধন: ইস্যুকৃত ও বিলিকৃত প্রতিটি ১০০ টাকা করে:		
তলবকৃত ৮০ টাকা করে ৩,০০০ শেয়ার		২,৪০,০০০
সাধারণ সঞ্চিতি		৩০,০০০
অদাবিকৃত লভ্যাংশ		৬,০০০
আয়কর সঞ্চিতি		৮,০০০
সংরক্ষিত আয় (০১-০১-২০১৪)		৬৭,২০০
মোট মুনাফা (৩১-১২-২০১৪)		১,২০,০০০
বেতন খরচ	১৬,৫০০	
ভাড়া খরচ	৩০,০০০	
অনাদায়ী পাওনা খরচ	৪,৭০০	
আয়কর খরচ	১২,০০০	
লভ্যাংশ প্রদান	৫,০০০	
	৪,৭১,২০০	৪,৭১,২০০

সমন্বয়সমূহ: i. ২ মাসের বেতন খরচ বকেয়া রয়েছে পক্ষান্তরে তিন মাসের ভাড়া খরচ অগ্রিম প্রদত্ত হয়েছে। ii. মোট অনাদায়ী পাওনা খরচের পরিমাণ ৬,৫০০ টাকা। iii. দীর্ঘদিন দাবিদার না থাকায় অদাবিকৃত লভ্যাংশের অর্ধেক প্রত্যাহার করা হলো। iv. সাধারণ সঞ্চিতি ৩৮,০০০ টাকায় উন্নীত করতে হবে। v. শেয়ার মূলধনের উপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি করো। ৪

গ. ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদসমূহের অবস্থান দেখাও। ৪

২. আহনাফ লি.-এর ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ:

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১২ইং

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য নোট	৫৫,০০০	
প্রাথমিক ব্যয়	২৫,০০০	
প্রাপ্য হিসাব	১,৩০,০০০	

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	২,১০,০০০	
প্রদেয় হিসাব		৫০,০০০
শেয়ার মূলধন		৩,৭৫,০০০
সংরক্ষিত আয় (০১-০১-২০১৪)		৮০,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৩,০০০
অফিস সরঞ্জাম বিক্রয়জনিত লাভ		১০,০০০
নমুনা পণ্যের মূল্য	২৮,০০০	
ডেলিভারী খরচ	৩০,০০০	
যোগাযোগ খরচ	৭,৫০০	
অনাদায়ী পাওনা খরচ	১,৫০০	
বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ	৭,০০০	
উৎসব ভাতা	২৪,০০০	
	৫,১৮,০০০	৫,১৮,০০০

অন্যান্য তথ্য: i. অবিক্রীত মজুদ পণ্যের পরিমাণ ১,১০,০০০ টাকা। ii. বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত ১৫,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয়ে অন্তর্ভুক্ত আছে যার বিক্রয়ের নিশ্চয়তা পাওয়া যায়নি। উক্ত পণ্য ক্রয়মূল্যের উপর ২০% লাভে বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছিল। iii. মোট অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,২০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে।

ক. বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত পণ্যের ক্রয়মূল্য নির্ণয় করো। ২

খ. মোট লাভ ১,১০,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের টাউন ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপ:

প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত, ১ জানুয়ারি ২০১৪	১১,০০০	বেতন	১৮,০০০
চাঁদা	৪৬,০০০	প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ	১২,০০০
অনুদান	২৩,০০০	খাদ্যসামগ্রী ক্রয়	১০,০০০
বিজ্ঞাপন প্রাপ্তি	২,৮০০	প্রাঙ্গণ কর	৮০০
বিনিয়োগের সুদ	১,৫০০	মেরামত খরচ	৩,৪০০
উইলকৃত ধন-দৌলত	১০,৪০০	মুদ্রণ খরচ	৯,৫০০
জলযোগ হতে মুনাফা	৩,৬০০	বাইসাইকেল	২৪,০০০
		উদ্বৃত্ত, ডিসেম্বর ৩১, ২০১৪	২০,৬০০
	৯৮,৩০০		৯৮,৩০০

২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ ছিল নিম্নরূপ:
ভূমি ও দালান-কোঠা ২,৪০,০০০ টাকা, ১২% বিনিয়োগ ৬০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং সঞ্চিতি তহবিল ১৬,৫০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি: ১. মোট প্রাপ্ত চাঁদার মধ্যে বিগত বছরের ১,০০০ টাকা এবং পরবর্তী বছরের ১,৪০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে। ২. ২০১৩ সালের বকেয়া বেতন ১,৩০০ টাকা এ বছরে পরিশোধ করা হয়েছে। কিন্তু চলতি বছরের বেতন ১,৭০০ টাকা অপরিশোধিত রয়েছে। ৩. আসবাবপত্রের উপর বার্ষিক ১০% অবচয় ধরতে হবে।

ক. প্রারম্ভিক সম্পত্তি ও প্রারম্ভিক দায়সমূহের সমষ্টি নির্ণয় করো। ২

খ. টাউন ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. উক্ত তারিখে টাউন ক্লাবের মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৪. বিজয় ও স্বাধীন একটি অংশীদারি ব্যবসায়ের দু'জন মালিক। তারা ১লা জানুয়ারি, ২০১৪ তারিখে ব্যবসায় শুরু করে। ব্যবসায়ে বিজয় ৮০,০০০ টাকা এবং স্বাধীন ৬০,০০০ টাকা বিনিয়োগ করে। অংশীদারি চুক্তি অনুযায়ী ব্যবসায়ের লাভ-ক্ষতি মূলধন অনুপাতে বণ্টিত হবে। অংশীদারের মূলধনের উপর ১০% হারে এবং উত্তোলনের উপর ৮% হারে সুদ ধরতে হবে।
ব্যবসায়ের দেখাশুনার জন্য স্বাধীন প্রতি মাসে ১,২০০ টাকা করে বেতন পাওয়ার অধিকারী এবং এই বেতনের টাকা সে উত্তোলন করেনি। অংশীদারগণ ব্যবসায় থেকে বছরে যথাক্রমে ৬,০০০ টাকা ও ৪,০০০ টাকা নগদে উত্তোলন করে এবং এ উত্তোলনের উপর যথাক্রমে ২৬০ টাকা এবং ১৮০ টাকা সুদ ধার্য করে। নগদ উত্তোলন ছাড়াও বিজয় নিজের প্রয়োজনে ব্যবসায় থেকে ২,৫০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি।
স্বাধীন এর বেতন চার্জ করার পর এবং অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ৩১-১২-২০১৪ তারিখে ব্যবসায়ের নীট লাভ হয় ৩৭,৩১০ টাকা।

ক. অংশীদার স্বাধীনের বেতন হিসাবভুক্তির জাবেদা দেখাও। ২

খ. অংশীদারদের লাভ লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

৫. ডেলটা ফার্মা লিমিটেড এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা যা প্রতিটি ২০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদন সম্পূর্ণই প্রত্যাখ্যান করা হয়।

ক. বাজারে ইস্যুকৃত শেয়ারের পরিমাণ কত? ২

খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা লিখন দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৬. মি. জামালের ২০১৩ ও ২০১৪ সালের চলতি সম্পত্তি ও চলতি দায় সংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো:

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১২ইং

বিবরণ	২০১৪ টাকা	২০১৩ টাকা
প্রাপ্য হিসাব	৬৩,০০০	৭০,০০০
মজুদ পণ্য	৭২,০০০	৬৯,০০০
প্রদেয় হিসাব	৫৫,০০০	৫৩,০০০
বকেয়া খরচ	৫,০০০	৮,০০০

অন্যান্য তথ্যাবলি: i. ২০১৪ সালের নিট আয় ২০,০০০ টাকা। ii. একটি পুরাতন আসবাবপত্র ২৫,০০০ টাকায় বিক্রয় করা হয় যার ক্রয়মূল্য ছিল ৩২,০০০ টাকা এবং অবচয় ৩,০০০ টাকা। iii. পুরাতন যন্ত্রপাতির বিক্রয়জনিত লাভ ২,০০০ টাকা। iv. ২০১৪ সালের স্থায়ী সম্পদের অবচয় খরচ ছিল ১৩,০০০ টাকা। v. সুনাম অবলোপন ৫,০০০ টাকা।

ক. পুরাতন আসবাবপত্র বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি সম্পদ ও চলতি দায়ের হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. পরোক্ষ পদ্ধতিতে উপর্যুক্ত তথ্যের সাহায্যে নগদ প্রবাহ বিবরণী তৈরি করো। ৪

৭. মদিনা লিমিটেড বিভিন্ন পণ্য উৎপাদন ও বিক্রয় করে। ২০১৪ সালে কোম্পানির তথ্যাবলি ছিল নিম্নরূপ:
মোট পরিবর্তনশীল ব্যয় ৪,২০,০০০ টাকা, মোট স্থির ব্যয় ১,৫০,০০০ টাকা। বিক্রয় ৬,০০,০০০ টাকা এবং একক প্রতি বিক্রয়মূল্য ৪০ টাকা।

ক. এককপ্রতি পরিবর্তনশীর ব্যয় নির্ণয় করো। ২

খ. এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন এবং মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সমচ্ছেদ বিক্রয় এককে এবং টাকায় নির্ণয় করো। ৪

৮. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য রানা ম্যানুফেকচারিং কোম্পানির নিম্নলিখিত তথ্য পাওয়া গেল:

	টাকা
মজুদ কাঁচামাল (০১-০১-২০১৪)	২৬,০০০
কাঁচামাল ক্রয়	৮০,০০০
মজুরি (২/৩ অংশ প্রত্যক্ষ, ১/৩ অংশ পরোক্ষ)	২৪,০০০
ক্রয় পরিবহন	২,০০০
ভাড়া ও কর (৩/৪ অংশ কারখানা এবং ১/৪ অংশ অফিস)	৮,০০০
মজুদ কাঁচামাল (৩১-১২-২০১৪)	২০,৫০০
কারখানার অন্যান্য ব্যয়	১৫,০০০
বেতন (১/২ অংশ কারখানা, ১/৪ অংশ অফিস এবং ১/৪ অংশ বিক্রয় সংক্রান্ত)	২০,০০০
শোরুম খরচ	৪,৫০০
লাভ মোট ব্যয়ের উপর ২৫%	

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উৎপাদন/কারখানা ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৫০,০০০ টাকা ধরে একটি আংশিক বিবরণী প্রস্তুত করো। ৪

৯. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর ডিজাইন লি. এর আর্থিক অবস্থার বিবরণী ছিল নিম্নরূপ:

মূলধন ও দায়	টাকা	সম্পত্তি ও পরিসম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	৩,০০,০০০	সুনাম	৩০,০০০
সাধারণ সঞ্চিতি	২৫,০০০	ভূমি ও দালান কোঠা	১,৬০,০০০
সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত	৩০,০০০	কলকব্জা ও যন্ত্রপাতি	১,৪০,০০০
১০% ঋণপত্র	৮০,০০০	আসবাবপত্র	২৫,০০০
প্রদেয় হিসাব	৫০,০০০	মজুদ পণ্য	৪০,০০০
প্রদেয় নোট	৫,০০০	প্রাপ্য হিসাব	৮০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১০,০০০	প্রাপ্য নোট	২০,০০০
		নগদ উদ্বৃত্ত	৫,০০০
	৫,০০,০০০		৫,০০,০০০

বিক্রিত পণ্যের ব্যয় ৩,৫০,০০০ টাকা।

ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ ২৪,০০০ টাকা। খ. নিট মুনাফা ৬৯,৭০০ টাকা। গ. মোট সম্পদসমূহের যোগফল ৪,০৭,২০০ টাকা।

২. উত্তর : ক. বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত পণ্যের ক্রয়মূল্য ১২,৫০০ টাকা। খ. নিট মুনাফা ১৮,৩০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,২৩,৩০০ টাকা অনিশ্চিত হিসাব (সম্পদ) ২,৫০০ টাকা।

৩. উত্তর : ক. প্রারম্ভিক সম্পত্তি ৩,৪২,০০০ টাকা এবং প্রারম্ভিক দায় ১৭,৮০০ টাকা। খ. ব্যয়াতিরিক্ত আয় ১০০ টাকা। গ. মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ ৩,৭৭,৩০০ টাকা।

৪. উত্তর : ক. আবেদনার যোগফল ১৪,৪০০ টাকা। খ. বণ্টনযোগ্য মুনাফা ২৬,২৫০ টাকা; বিজয় ১৫,০০০ টাকা; স্বাধীন ১১,২৫০ টাকা। গ. অংশীদারদের মূলধন হিসাব : বিজয় ৯৪,২৪০ টাকা; স্বাধীন ৮৭,৪৭০ টাকা।

৫. উত্তর : ক. ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,০০০। খ. আবেদনার যোগফল ৩৩,২৮,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৬,০০,০০০ টাকা।

৬. উত্তর : ক. বিক্রয়জনিত ক্ষতির পরিমাণ ৪,০০০ টাকা। খ. চলতি সম্পদ হ্রাসের পরিমাণ ৪,০০০ টাকা; চলতি দায় হ্রাসের পরিমাণ ১,০০০ টাকা। গ. নিট নগদ বৃদ্ধি ৬৮,০০০ টাকা।

৭. উত্তর : ক. একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২৮ টাকা। খ. একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন ১২ টাকা এবং মুনাফা ৩০,০০০ টাকা। গ. সমচ্ছেদ বিক্রয় ১২,৫০০ একক এবং ৫,০০,০০০ টাকা।

৮. উত্তর : ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ ৮৭,৫০০ টাকা। খ. উৎপাদন ব্যয়ের পরিমাণ ১,৩৬,৫০০ টাকা। গ. বিক্রয়মূল্য ২,১৫,৬২৫ টাকা এবং মুনাফা ৪৩,১২৫ টাকা।

৯. উত্তর : ক. (i) চলতি সম্পদ ১,৪৫,০০০ টাকা এবং (ii) চলতি দায় ৬৫,০০০ টাকা। খ. (i) চলতি অনুপাত ২.২৩ : ১ এবং (ii) তারল্য অনুপাত ১.৯১ : ১। গ. (i) কার্যকরী মূলধন অনুপাত ১.২৩ : ১ এবং (ii) মজুদ আবর্তন অনুপাত ৮.৭৫ বার।

সিলেট বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ২ | ৫ | ৪ |

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০

১. সংরক্ষিত আয় বিবরণীর পরিবর্তে কোনটি প্রস্তুত করা যায়?
(ক) বিশদ আয় বিবরণী (খ) আর্থিক অবস্থার বিবরণী
(গ) মালিকানা স্বত্ব বিবরণী (ঘ) নগদ প্রবাহ বিবরণী

২. অনুপাতকে প্রকাশ করা হয় —
i. শতকরায় ii. ভগ্নাংশে
iii. পূর্ণ সংখ্যায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. পণ্যের দাম কমে গেলে, কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?
(ক) গড় পদ্ধতি (খ) ভারযুক্ত গড় পদ্ধতি
(গ) FIFO (ঘ) LIFO

৪. আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা, জমি বিক্রয় ৫০,০০০ টাকা, শেয়ার ইস্যু ১,০০,০০০ টাকা ও যন্ত্রপাতি ১,০০০ টাকা ক্ষতিতে বিক্রয় ৫,০০০ টাকা। বিনিয়োগ কার্যাবলিতে নীট নগদ প্রবাহ কত?
(ক) ২৯,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ১,২৯,০০০ টাকা (ঘ) ১,৩০,০০০ টাকা

৫. অমুনাফাভোগী অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উদাহরণ হলো—
i. চাঁদা ii. অনুদান
iii. পরামর্শ ফি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. IAS-7 অনুযায়ী ব্যবসায়ের প্রধান রাজস্ব উৎপাদনকারী কার্যাবলিকে কী বলা হয়?
(ক) বাণিজ্যিক কার্যাবলি (খ) অর্থ সংস্থান কার্যাবলি
(গ) বিনিয়োগ সংক্রান্ত কার্যাবলি
(ঘ) পরিচালন কার্যাবলি

৭. বিক্রিত পণ্যের ব্যয়ের উপর মুনাফা ২০% এবং বিক্রয় ১২,০০,০০০ টাকা হলে, মুনাফার পরিমাণ কত?
(ক) ২,০০,০০০ টাকা (খ) ২,২০,০০০ টাকা
(গ) ২,৪০,০০০ টাকা (ঘ) ২,৬০,০০০ টাকা

৮. অনুমোদিত মূলধন হতে যে পরিমাণ মূলধন সংগ্রহের জন্য জনগণের নিকট শেয়ার বিক্রয়ের আহ্বান জানিয়ে প্রচারপত্র প্রকাশ করা হয়, সেই মূলধনকে কী বলা হয়?
(ক) বিলিকৃত মূলধন (খ) ইস্যুকৃত মূলধন
(গ) তলবকৃত মূলধন (ঘ) অনুমোদিত মূলধন

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও।

X লিমিটেড এর সুনাম ৫০,০০০ টাকা, বিনিয়োগ ৬০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৩০,০০০ টাকা, ব্যাংকে জমা ২০,০০০ টাকা, নতুন আয়কর সঞ্চিতি ৫,০০০ টাকা, প্রাপ্য কমিশন ২,০০০ টাকা, বকেয়া খরচ ১,০০০ টাকা, বিক্রয় ৩,০০,০০০ টাকাপ, বিক্রিত পণ্যের ব্যয় ২,২৫,০০০ টাকা।

৯. মোট সম্পদের পরিমাণ কত হবে?
(ক) ১,১২,০০০ টাকা (খ) ১,২০,০০০ টাকা
(গ) ১,৭০,০০০ টাকা (ঘ) ১,৭২,০০০ টাকা

১০. X লিমিটেডের চলতি দায়ের পরিমাণ কত?
(ক) ৩৬,০০০ টাকা (খ) ৩৫,০০০ টাকা
(গ) ৩১,০০০ টাকা (ঘ) ৩০,০০০ টাকা

১১. নীট বিক্রয়-বিক্রিত পণ্যের ব্যয় =?
(ক) নীট মুনাফা (খ) নীট ক্ষতি
(গ) মোট মুনাফা (ঘ) পরিচালন মুনাফা

১২. একই অর্থবোধক নয় কোনটি?
(ক) ক্রয় পরিবহন/অন্তঃপরিবহন
(খ) অন্তঃফেরত/বিক্রয় ফেরত
(গ) বাট্টা/কমিশন (ঘ) দেনাদার/প্রাপ্য হিসাব

১৩. ব্যয় অঙ্কের সঠিক সমীকরণ কোনটি?
(ক) ব্যয় = সম্পত্তি – খরচ – ক্ষতি
(খ) ব্যয় = সম্পত্তি + ক্ষতি – খরচ
(গ) ব্যয় = খরচ – ক্ষতি + সম্পত্তি
(ঘ) ব্যয় = সম্পত্তি + খরচ + ক্ষতি

১৪. কোন বিবরণী থেকে ব্যবসায়ের আর্থিক অবস্থা জানা যায়?
(ক) নগদ প্রবাহ বিবরণী (খ) আয় বিবরণী
(গ) আর্থিক অবস্থার বিবরণী (ঘ) প্রাপ্তি ও প্রদান হিসাব

১৫. মুনাফা নির্ণয়ের জন্য মোট ব্যয়ের সাথে কোনটির তুলনা করা হয়?
(ক) ক্রয় মূল্য (খ) বিক্রয় মূল্য
(গ) কারখানা ব্যয় (ঘ) সমাপনী মজুদ পণ্য

১৬. রাইট শেয়ার কাদের মধ্যে বণ্টন করা হয়?
(ক) পরিচালকদের মধ্যে
(খ) নতুন শেয়ার হোল্ডারদের মধ্যে
(গ) পুরাতন শেয়ার মালিকদের মধ্যে
(ঘ) কোম্পানির কর্মকর্তাদের মধ্যে

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও।

জনাব তুহিন একজন ব্যবসায়ী। তার ২০০ একক পণ্য তৈরিতে কাঁচামাল লাগে ২০,০০০ টাকা। মজুরি লাগে ১০,০০০ টাকা। সে কারখানা ভাড়া বাবদ ১২,০০০ টাকা, ম্যানেজারের বেতন ৮,০০০ টাকা ও বীমা প্রিমিয়াম বাবদ ৩,০০০ টাকা প্রদান করেন। তিনি ৫০০ একক পণ্য তৈরির ফরমায়েশ পেলেন।

১৭. ৫০০ একক পণ্যের তৈরিতে তার মোট স্থায়ী খরচের পরিমাণ কত?
(ক) ১,২৮,৭৫০ টাকা (খ) ৫৩,৭৫০ টাকা
(গ) ৫৩,০০০ টাকা (ঘ) ২৩,০০০ টাকা

১৮. ৫০০ একক পণ্যের জন্য বীমা প্রিমিয়ামের একক প্রতি ব্যয় কত হবে?
(ক) ৬ টাকা (খ) ১৫ টাকা
(গ) ৩,০০০ টাকা (ঘ) ৭,৫০০ টাকা

১৯. দীর্ঘমেয়াদী দায় ২০,০০০ টাকা, চলতি সম্পদ ২৫,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ২ হলে, মোট দায় কত?
(ক) ৩৫,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ২৫,০০০ টাকা (ঘ) ২০,০০০ টাকা

২০. কীসের ভিত্তিতে প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয় ধার্য করা হয়?
(ক) উৎপাদন ভিত্তিতে (খ) কার্য অনুযায়ী
(গ) ক্রিয়া অনুযায়ী (ঘ) সময় ভিত্তিতে

২১. আর্থিক হিসাববিজ্ঞান কীসের গুরুত্বপূর্ণ হাতিয়ার?
(ক) পরিকল্পনার (খ) ব্যবস্থাপনার
(গ) সংগঠন (ঘ) প্রশাসন

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও।

বিবরণ	টাকা
প্রত্যক্ষ কাঁচামাল	১,৪০,০০০
প্রত্যক্ষ মজুরি	১,০৮,০০০
কারখানা উপরিব্যয়	৩২,৪০০
অফিস ও প্রশাসনিক উপরিব্যয়	২৮,০৪০

উপরিউক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানটি একটি প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ করতে কাঁচামাল ও মজুরি বাবদ ব্যয় হিসাবে ধরা হয়েছে ১৪,০০০ টাকা ও ১২,০০০ টাকা এবং মোট ব্যয়ের উপর মুনাফার হার ২৫%।

২২. মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?
(ক) ৩৫% (খ) ৩০% (গ) ২৫% (ঘ) ২০%

২৩. কারখানা ব্যয়ের ওপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার কত?
(ক) ১৫% (খ) ১২% (গ) ১০% (ঘ) ৮%

২৪. শ্রমিক-কর্মচারীদের অনার্থিক সুবিধা হল—
i. ভর্তুকি সুবিধা ii. বিনোদনের ব্যবস্থা
iii. টিফিন ভাতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. সৌরভ গাঙ্গুলী তার ব্যবসায়ের পরিবর্তনের বিষয়টি বিবেচনায় রেখে বাজেট প্রস্তুত করেন। তার এ বাজেটকে কোন ধরনের বাজেট বলে?
(ক) স্থির বাজেট (খ) নগদান বাজেট
(গ) নমনীয় বাজেট (ঘ) বিক্রয় বাজেট

২৬. মালিকানা তহবিল ও দীর্ঘমেয়াদী দায়ের সমষ্টিকে কী বলা হয়?
(ক) বর্ধিষ্ণু তহবিল (খ) বিনিয়োজিত মূলধন
(গ) দীর্ঘমেয়াদী মূলধন (ঘ) মূলধন তহবিল

২৭. হিসাববিজ্ঞানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ শাখা হচ্ছে, আর্থিক হিসাববিজ্ঞান। তবে এক্ষেত্রে বিভিন্ন প্রকার আইন ও বিধি-নিষেধ পালন করতে হয়। আর্থিক হিসাববিজ্ঞানের ক্ষেত্রে অনুসরণ করতে হয়—
i. কোম্পানি আইন ii. আয়কর আইন
iii. IAS
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. ক্রয়কৃত পণ্যের ব্যয় নির্ধারণের জন্য কোনটি করা হয়?
(ক) নীট ক্রয় হতে ক্রয় বাট্টা বাদ দেয়া হয়
(খ) নীট ক্রয়ের সাথে বহিঃপরিবহন যোগ করা হয়
(গ) নীট ক্রয়ের সাথে অন্তঃপরিবহন যোগ করা হয়
(ঘ) নীট ক্রয় হতে ক্রয় ফেরত বাদ দেয়া হয়

২৯. পাবলিক লিমিটেড কোম্পানি গঠন করতে কমপক্ষে কতজন উদ্যোক্তা প্রয়োজন?
(ক) ২ জন (খ) ৫ জন (গ) ৭ জন (ঘ) ১০ জন

৩০. নিচের কোনটি মুনাফা জাতীয় ব্যয়?
(ক) আসবাবপত্র ক্রয়
(খ) আসবাবপত্র আনয়নের পরিবহন ব্যয়
(গ) আসবাবপত্রের মেরামত ব্যয়
(ঘ) ক্লাবের জন্য টিভি ক্রয়

৩১. চুক্তির অবর্তমানে অংশীদারগণ কী হারে মূলধন সরবরাহ ও উত্তোলন করতে পারে?
(ক) অনুপাত অনুযায়ী
(খ) সমহার অনুযায়ী
(গ) মূলধন উত্তোলনের পরিমাণ অনুযায়ী
(ঘ) প্রত্যেক অংশীদারের ইচ্ছা অনুযায়ী

৩২. অব্যবসায়ী প্রতিষ্ঠানের সম্পদ ও দায়ের পার্থক্যকে কী বলে?
(ক) মূলধন (খ) চলতি সম্পদ
(গ) মূলধন তহবিল (ঘ) নীট সম্পদ

৩৩. ব্যবস্থাপনা প্রতিনিধিকে কমিশন চার্জ করার পরবর্তী মুনাফার ওপর ১০% হারে কমিশন দিতে হবে। নীট মুনাফা ২০,০০০ টাকা হলে, প্রদত্ত কমিশন কত?
(ক) ১,৭৯৮ টাকা (খ) ১,৮১৮ টাকা
(গ) ১,৯০০ টাকা (ঘ) ২,০০০ টাকা

৩৪. অংশীদারদের কমিশন —
i. চুক্তি অনুযায়ী প্রদান করা হয়
ii. নির্দিষ্ট হারে মুনাফার ওপর প্রদান করা হয়
iii. মূলধনের ওপর প্রদান করা হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. অংশীদারি ব্যবসায় কোন ব্যবসায়ের অনুরূপ?
(ক) সমবায় সমিতি (খ) কোম্পানি
(গ) একমালিকানা (ঘ) রাষ্ট্রীয়

উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও।

চাঁদ-তারা বেভারেজ লিঃ ১২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন, প্রতিটি ১০০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ১০% অধিহারে শেয়ার বিলির বিবরণ পত্র প্রচার করে। ১০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল এবং যথাসময়ে বিলি করা হল।

৩৬. চাঁদ-তারা বেভারেজ লিমিটেডের শেয়ার অধিহারের পরিমাণ কত?
(ক) ১০,০০০ টাকা (খ) ১,০০,০০০টাকা
(গ) ১,২০,০০০ টাকা (ঘ) ১১,০০,০০০টাকা

৩৭. চাঁদ-তারা বেভারেজ লিমিটেড কখন অধিহারে শেয়ার বিলি করতে পারে?
(ক) প্রচুর মুনাফা অর্জন ও সুনাম বৃদ্ধি
(খ) বহিদায় মেটানোর জন্য
(গ) কোম্পানির আকর্ষণ বৃদ্ধির জন্য
(ঘ) আর্থিক অবস্থা উন্নয়নের জন্য

৩৮. মজুদ ব্যবস্থাপনার উদ্দেশ্য কী?
(ক) মজুদের পরিমাণ উচ্চস্তরে রাখা
(খ) মজুদের পরিমাণ মধ্যস্তরে রাখা
(গ) মজুদের পরিমাণ নিম্নস্তরে রাখা
(ঘ) মজুদের পরিমাণ কাম্যস্তরে রাখা

৩৯. বাংলাদেশে কোন ধরনের কোম্পানির ক্ষেত্রে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত বাধ্যতামূলক করা হয়েছে?
(ক) প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে
(খ) রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানির ক্ষেত্রে
(গ) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত পাবলিক লিঃ কোঃ ক্ষেত্রে
(ঘ) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এরূপ পাবলিক লিঃ কোম্পানির ক্ষেত্রে

৪০. প্রাপ্য হিসাব বৃদ্ধি পেলে-নগদ প্রবাহ বিবরণীতে কীভাবে দেখানো হয়?
(ক) পরিচালন কার্যাবলিতে যোগ করতে হয়
(খ) পরিচালন কার্যাবলিতে বিয়োগ করতে হয়
(গ) অর্থায়ন কার্যাবলিতে যোগ করতে হয়
(ঘ) অর্থায়ন কার্যবলীতে বিয়োগ করতে হয়

১	গ	২	ঘ	৩	গ	৪	ঘ	৫	ক	৬	ঘ	৭	ক	৮	খ	৯	ঘ	১০	ক	১১	গ	১২	গ	১৩	ঘ	১৪	গ	১৫	খ	১৬	গ	১৭	ঘ	১৮	ক	১৯	খ	২০	ক
২১	খ	২২	খ	২৩	গ	২৪	ক	২৫	গ	২৬	ঘ	২৭	ঘ	২৮	গ	২৯	গ	৩০	গ	৩১	খ	৩২	গ	৩৩	ঘ	৩৪	ক	৩৫	গ	৩৬	খ	৩৭	ক	৩৮	ঘ	৩৯	গ	৪০	খ